

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক কর্ম-পরিকল্পনা ২০১৫

১. প্রস্তাবনা (Preamble)

বর্তমান বিশ্বে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ব্যতীত কোন দেশের উন্নয়ন সম্ভব নয়। তাই দেশের উন্নয়ন ত্বরান্বিত করতে হলে সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। সেই লক্ষ্য অর্জনে “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা -২০১৫” প্রণয়ন করা হয়েছে। নীতিমালায় সর্বস্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সরকার প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার উপর সর্বাধিক গুরুত্বারোপ করা হয়েছে। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি প্রতিষ্ঠান স্ব স্ব ক্ষেত্রে আইসিটি ব্যবহার নিশ্চিত করে রূপকল্প-২০২১ অর্জনে যাতে সক্ষম হয় সেই উদ্দেশ্যে আইসিটি নীতিমালায় একটি কর্ম-পরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে। আইসিটি নীতিমালার লক্ষ্য অর্জনের অগ্রগতি পর্যালোচনা ও এর বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একটি আইসিটি টাঙ্কফোর্স গঠন করা হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সকল ক্ষেত্রে/কর্মসূচীতে এ প্রযুক্তিকে সম্পৃক্ত করে আইসিটিতে একটি অগ্রগামী মন্ত্রণালয় হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর। বিগত ২৬/১০/২০১৫ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের আইসিটি সম্পর্কিত কার্যক্রমের বর্তমান অবস্থা ও করণীয় বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সাথে কর্মকর্তাদের এক আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা অনুষ্ঠানের সিদ্ধান্ত মোতাবেক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক একটি কর্ম-পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত হয়। আশা করা যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক এই কর্ম-পরিকল্পনাটি বাস্তবায়নের মাধ্যমে জনগণের সেবা নিশ্চিত করার পাশাপাশি মন্ত্রণালয় তার কাজিত লক্ষ্য অর্জনে সক্ষম হবে।

২. বর্তমান প্রেক্ষাপট ও ভবিষ্যৎ প্রবণতা (Present Context and Future Trends)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়নের একটি শক্তিশালী হাতিয়ার। দেশের মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন দ্রুত ত্বরান্বিত করতে হলে গতানুগতিক ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে শক্তিশালী এই প্রযুক্তি ব্যবহারের কোন বিকল্প নেই। কিন্তু মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরে এই প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় অনেকটা পিছিয়ে রয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের সকল কর্মসূচীতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সমন্বয় সাধন করে এ মন্ত্রণালয় বর্তমান পশ্চাদপদতা কাটিয়ে আইসিটিতে অগ্রগামী ভূমিকা পালন করতে পারে এবং দেশে প্রাণিজ আমিষের চাহিদা মিটিয়ে বৈদেশিক অর্থ উপার্জনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করতে পারে।

দেশের অর্থনীতিতে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য। জাতীয় জিডিপিতে মৎস্য খাতের অবদান ৩.৬৯% এবং প্রাণিসম্পদ খাতের অবদান ১.৭৮%। মৎস্য ও প্রাণিসম্পদ খাত দেশে কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, বৈদেশিক মুদ্রা অর্জন ও নারীর ক্ষমতায়নে অত্যন্ত সম্ভাবনাময় একটি সেক্টর। নদী নালা, খালবিল ও হাওড়-বাওড় বেষ্টিত এই বাংলাদেশ মৎস্য তথা জলজ জীববৈচিত্রে সমৃদ্ধ। আন্তর্জাতিক আদালতে আইনী লড়াইয়ে বিজয়ী হয়ে সম্প্রতি বাংলাদেশ ১ লক্ষ ১৮ হাজার ৬৩১ বর্গকিলোমিটার এলাকায় বিপুল জলসম্পদের মালিকানা অর্জন করেছে। ফলে বিশাল অভ্যন্তরীণ ও সামুদ্রিক জলসম্পদ দেশের

সমৃদ্ধি অর্জনে এক বিরাট সম্ভাবনা তৈরী করেছে। এখন প্রয়োজন মৎস্য ও প্রাণিসম্পদের সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও বহুমুখী ব্যবহার নিশ্চিত করে এই সম্ভাবনাকে বাস্তবে রূপদান করা এবং মন্ত্রণালয়ের কাজিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করা।

৩. রূপকল্প (Vision)

মৎস্য ও প্রাণিসম্পদ সেক্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ।

৪. অভিলক্ষ্য (Mission)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও বহুমুখী ব্যবহারের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা; মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি করা; মৎস্য ও প্রাণিসম্পদের রোগ বালাই প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করা; এবং মৎস্য ও মৎস্যজাত এবং প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা করা।

৫. উদ্দেশ্য (Objectives)

ক. দক্ষ ব্যবস্থাপনা ও দ্রুত নাগরিক সেবা সরবরাহ নিশ্চিতকরণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও এর অধিনস্থ সকল দপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি করার মাধ্যমে নাগরিক সেবাসমূহ দ্রুত সরবরাহ নিশ্চিত করা।

খ. তথ্য জগতে সার্বজনীন প্রবেশাধিকার

ইন্টারনেট/টেলিকম সংযোগের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সকল প্রয়োজনীয় তথ্য ও সেবা জনগণ যাতে সহজেই পেতে পারে সে লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা।

গ. রোগ-বালাই প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদের রোগ-বালাই সম্পর্কে ব্যাপক জনসচেতনতা তৈরী এবং এর প্রতিরোধ ও প্রতিকারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।

ঘ. সামাজিক সমতা

অর্থনৈতিক বৈষম্য ও ডিজিটাল ডিভাইড দূর করার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ খাতের সকল তথ্য ও সেবা এবং অন্যান্য সুযোগ-সুবিধা সমভাবে প্রদান নিশ্চিত করার উদ্দেশ্যে আঞ্চলিক ভাষায় ডিজিটাল বিষয়বস্তু উন্নয়ন ও সকলেই পেতে পারে এমন অনলাইন তথ্য ও সেবা সরবরাহের ব্যবস্থা করা।

ঙ. উৎপাদন ও উৎপাদনশীলতা

মৎস্য ও প্রাণিসম্পদের সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহারের মাধ্যমে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

চ. কর্মসংস্থান সৃষ্টি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে মৎস্য ও প্রাণিসম্পদের উন্নয়নের মাধ্যমে এই খাতে ব্যাপক সুযোগ-সুবিধা সৃষ্টি করে কর্মসংস্থান ত্বরান্বিত করা।

ছ. দুর্গীতি রোধ ও দক্ষতা বৃদ্ধি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে মৎস্য ও প্রাণিসম্পদ খাতে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করার মাধ্যমে দুর্গীতি রোধ এবং অনলাইন তথ্য ও সেবা প্রদানে অধিকতর দক্ষতা অর্জন করা।

জ. ব্যবসা বানিজ্য সম্প্রসারণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ খাতে অভ্যন্তরীণ ও বৈদেশিক বানিজ্যের সম্প্রসারণ ত্বরান্বিত করা।

ঝ. শিক্ষা ও গবেষণা

আইসিটি শিক্ষায় শিক্ষিত জনবল নিয়োগ এবং নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরে দক্ষ জনবল তৈরী এবং গবেষণা ক্ষেত্রে নতুন উদ্ভাবনে উৎসাহিত করা।

৬. কর্ম-পরিকল্পনা (Plan of Actions)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক এই কর্ম-পরিকল্পনাটির রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্যসমূহকে যথাসম্ভব আইসিটি নীতিমালা ও মন্ত্রণালয়ের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে। আইসিটি কর্ম-পরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য নিম্নরূপ মেয়াদ স্থির করা হয়েছে:

- স্বল্প মেয়াদী (২০১৭ সাল),
- মধ্য মেয়াদী (২০১৯ সাল), এবং
- দীর্ঘ মেয়াদী (২০২১ সাল)

করণীয় বিষয়গুলোর গুরুত্ব ও বাস্তবায়ন জটিলতার নিরিখে প্রতিটি কর্ম-পরিকল্পনার জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নকাল দেখানো হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি একটি অতি দ্রুত পরিবর্তনশীল খাত। মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরে প্রযুক্তির ব্যবহার এবং করণীয় বিষয়ে নিত্য নতুন পরিবর্তনের আঙ্গিক বিবেচনায় অগ্রাধিকার পুনঃনির্ধারণের জন্য প্রতি দুই বছর পর কর্ম-পরিকল্পনাটি পর্যালোচনা করা হবে।

জাতীয় আইসিটি নীতিমালা ২০১৫ এর আলোকে আইসিটি কর্ম-পরিকল্পনাটি বাস্তবায়নের জন্য প্রতি বছর বাজেট প্রণয়নকালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেটে আলাদা বরাদ্দ রাখতে হবে। তথ্য প্রযুক্তি সংক্রান্ত নিয়মিত কর্মকান্ড পরিচালনা ও ই-গভর্নেন্সের জন্য মন্ত্রণালয় ও এর অধীনস্থ সংস্থাসমূহকে চাহিদা অনুযায়ী আর্থিক বরাদ্দ প্রদান করতে হবে।

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
1.	আইসিটি জনবলের পদ সৃজনের ব্যবস্থাকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	আইসিটি স্থাপনা পরিচালনা ও আইসিটি কার্যক্রম বাস্তবায়ন সুষ্ঠু হবে।	✓	✓	
2.	আইসিটি জনবল নিয়োগের ব্যবস্থাকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	আইসিটি স্থাপনা পরিচালনা ও আইসিটি কার্যক্রম বাস্তবায়ন সুষ্ঠু হবে।	✓	✓	
3.	বিসিসিতে স্থাপিত ন্যাশনাল ডাটা সেন্টারে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ডাটা সেন্টার স্থাপন।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	ডাটা সেন্টার পরিচালনা ব্যয় ও ঝুঁকি দু'টোই কমবে।	✓	✓	
4.	ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও অগ্রগতি অবহিতকরণ ব্যবস্থা চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	অফিস কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি পাবে ও স্বচ্ছতা আসবে।	✓	✓	
5.	ই-ফাইলিং সিস্টেম চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	দাপ্তরিক যোগাযোগ, নথি প্রক্রিয়াকরণ, তথ্য আদান-প্রদান এবং তথ্য সংরক্ষণে ইলেক্ট্রনিক পদ্ধতির ব্যবহার এ কাজ সহজতর হবে।	✓	✓	✓
6.	ই-টেভারিং ব্যবস্থা চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	ক্রয় প্রক্রিয়াকে আরো স্বচ্ছ, সহজ, গতিময় ও ব্যয় সাশ্রয়ী করবে।	✓	✓	✓
7.	পারসোনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ এবং হালনাগাদ তথ্য সংরক্ষণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন সহজ হবে। দক্ষ কর্মকর্তাদের উপযুক্ত ক্ষেত্রে ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে।	✓	✓	✓
8.	ওয়েবসাইট বাংলা ও ইংরেজী আলাদা ভাষানে প্রস্তুতকরণ ও নাগরিক সেবার সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ এবং	মন্ত্রণালয় ও সকল সংস্থা	জনগণ যে কোন স্থান থেকে যে কোন সময় প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবে। এতে ব্যয় ও সময়ের সাশ্রয় হবে।	✓		

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	হালনাগাদ সংরক্ষণ।					
9.	ইনভেনটরী ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	স্টোর ম্যানেজমেন্ট এন্ড ইনভেনটরী সফটওয়্যার এর মাধ্যমে স্টোর ম্যানেজমেন্ট এন্ড ইনভেনটরী কাজ করা সহজতর হবে।		✓	✓
10.	হেল্প ডেস্ক স্থাপন।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	নাগরিকদের ব্যয় কমবে এবং সময়ের সাশ্রয় হবে।	✓		
11.	অফিসের নিরাপত্তায় সিসি টিভি ক্যামেরা স্থাপন।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	অফিস স্থাপনাসহ প্রয়োজনীয় সকল স্থাপনায় সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হলে ইনস্টিটিউটের সদর দপ্তরসহ সকল কেন্দ্র ও উপকেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করা সহজ হবে।	✓		
12.	ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	ট্রেনিং এর সুষ্ঠু পরিকল্পনা ও বাস্তবায়ন নিশ্চিত হবে এবং একই বিষয়ে ট্রেনিদের ডুপ্লিকেশন রোধ করা সম্ভব হবে।		✓	✓
13.	লাইব্রেরী ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	লাইব্রেরী ম্যানেজমেন্ট সুষ্ঠুভাবে করা সম্ভব হবে।			✓
14.	ভেহিকেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	ভেহিকেল ব্যবহারে সরকারের নীতিমালা অনুসরণ করতে বাধ্য হবে। সরকারের ব্যয় হ্রাস পাবে এবং দক্ষতা বাড়বে।		✓	✓
15.	ই-একাউন্টিং ব্যবস্থা চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	ব্যয়ের ক্ষেত্রে আর্থিক শৃঙ্খলা ফিরে আসবে। আর্থিক ব্যয় নির্বাহের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি পাবে।		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
16.	ডিজিটাল স্বাক্ষর ব্যবস্থা চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	এপ্লিকেশনের নিরাপত্তা নিশ্চিত হবে।	✓	✓	
17.	নাগরিক অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং অবহিতকরণ সংক্রান্ত ইলেক্ট্রনিক ব্যবস্থা চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	সেবার মান উন্নয়ন এবং নাগরিক সন্তুষ্টি বৃদ্ধি	✓		
18.	সকল প্রণীতব্য নীতিমালা ওয়েবসাইটে প্রকাশ ও জনগণের মতামত গ্রহণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	নীতিমালা প্রণয়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ।	✓		
19.	কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে পরীক্ষায় কম্পিউটার ও ইন্টারনেটের মৌলিক বিষয় অন্তর্ভুক্তকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	আইসিটি'র ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা উন্নয়নে চাকুরী প্রার্থীরা সচেষ্টিত হবে এবং সরকারি প্রতিষ্ঠানে আইসিটি জ্ঞানসম্পন্ন জনবল নিয়োজিত হবে।	✓		
20.	আইপি ফোন ও ভিডিও কন্ফারেন্সিং চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	সভায় অংশগ্রহণের জন্য ভ্রমণ, ব্যয় ও সময় হ্রাস করবে এবং ক্ষেত্র বিশেষে সভার প্রয়োজন দূর হবে।	✓		
21.	সৃজনশীল ই-গভর্নেন্স ও ই-সেবা কার্যক্রম বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের জন্য আনুতোষিক ও পুরস্কার প্রবর্তন।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	ই-গভর্নেন্স ও ই-সেবা প্রদানে সরকারি পর্যায়ের নেতৃত্ব গড়ে উঠবে।	✓		
22.	প্রকল্প পরিকল্পনা, বাস্তবায়ন, মনিটরিং এবং অর্থ বরাদ্দে কম্পিউটার ভিত্তিক ব্যবস্থা প্রচলন।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নে দ্রুততা ও দক্ষতা নিশ্চিত হবে।		✓	✓
23.	কর্মক্ষেত্রে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের ব্যবস্থাকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি ও যোগাযোগের ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আসবে। ফলে অফিসের কাজে গতিশীলতার	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
			পাশাপাশি ব্যবহারকারীদের সক্ষমতা বৃদ্ধি পাবে।			
24.	কার্যকর কম্পিউটার নেটওয়ার্ক তৈরী করে অফিসের সকল শাখা/ ইউনিটকে সংযুক্ত করা এবং পর্যায়ক্রমে জাতীয় নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপন।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	নিজ দপ্তরসহ জাতীয় পর্যায়ে নেটওয়ার্কের সাথে টেবিলে বসেই তথ্য আদান-প্রদান করা সম্ভব হবে।	✓	✓	✓
25.	শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে আইসিটি বিষয় অন্তর্ভুক্তকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	আইসিটি জ্ঞান সম্পন্ন জনবলের সংখ্যা বৃদ্ধি পাবে। অফিসের কাজে গতিশীলতা আসবে।	✓	✓	
26.	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	অডিট আপত্তিসমূহ দেখভাল করা সহজ হবে। ফলে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে। কর্মকর্তা/কর্মচারীদের ভোগান্তি দূর হবে।		✓	
27.	মামলা ব্যবস্থাপনা সম্পর্কিত ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মন্ত্রণালয় ও সকল সংস্থা	মামলাসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা করা সম্ভব হবে।	✓	✓	
28.	মৎস্য বিষয়ক লাগসই প্রযুক্তি সম্প্রসারণের জন্য প্রদর্শনী খামার স্থাপন ও এর ফলাফল সম্পর্কিত অনলাইন ডাটাবেইজ চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	অঞ্চল ভিত্তিক উপযুক্ত লাগসই প্রযুক্তি চিহ্নিত করা সহজ হবে এবং এ সকল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধি ত্বরান্বিত হবে।	✓	✓	
29.	মৎস্যচাষ প্রযুক্তি সম্পর্কিত ডাটাবেইজ তৈরীকরণ।	মৎস্য অধিদপ্তর	চাষি পর্যায়ে চাহিদাভিত্তিক সম্প্রসারণ সেবা প্রাপ্তি সহজতর হবে, উৎপাদন ব্যয় কমবে এবং কাজিত উৎপাদনশীলতা বৃদ্ধি ত্বরান্বিত হবে।	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
30.	মাছের রোগ ও এর প্রতিকার সম্পর্কিত ডাটাবেইজ তৈরীকরণ।	মৎস্য অধিদপ্তর	চাষি পর্যায়ে দ্রুত মাছের রোগ সনাক্তকরণ ও এর প্রতিকার বিষয়ক সেবা প্রাপ্তি সহজতর হবে, উৎপাদন ব্যয় কমবে এবং কাজিত উৎপাদনশীলতা বৃদ্ধি তরাস্বিত হবে।	✓	✓	
31.	মৎস্য ও মৎস্যজাত পণ্যের গুণগত মাননিয়ন্ত্রণের লক্ষ্যে খামারিদের অনলাইনে মৎস্য ও চিংড়ি খামার নিবন্ধন, লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে নিবন্ধন, লাইসেন্স প্রদান ও নবায়ন করা সম্ভব হবে। পরিবীক্ষণ করা সহজ হবে। গুণগত মানসম্পন্ন মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদন বৃদ্ধি পাবে।		✓	✓
32.	অবক্ষয়িত জলাশয়ে মাছের আবাসস্থলের উন্নয়ন সম্পর্কিত ডাটাবেইজ তৈরীকরণ।	মৎস্য অধিদপ্তর	উন্নয়নকৃত জলাশয় পরিবীক্ষণ করা সহজতর হবে। স্থানীয় সুফলভোগীদের মাধ্যমে মাছের চাষ সম্প্রসারণ করা তরাস্বিত হবে। মাছের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে।		✓	✓
33.	দারিদ্র বিমোচনে ক্ষুদ্র ঋণ প্রদান ও আদায়করণ সংক্রান্ত ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	ঋণ প্রদান ও আদায়ের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পাবে।		✓	✓
34.	পোনা মাছ অবমুক্তকরণ প্রক্রিয়ার অনলাইন ব্যবস্থার প্রবর্তন।	মৎস্য অধিদপ্তর	পোনা অবমুক্তকরণের দক্ষতা এবং সুষ্ঠু মনিটরিং ব্যবস্থার উন্নয়ন হবে। মাছের উৎপাদন বৃদ্ধির জন্য ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়ন সহজতর হবে।		✓	✓
35.	মৎস্য বীজ উৎপাদন খামারের তথ্য এবং মৎস্য বীজ বিতরণ কার্যক্রমের ইলেক্ট্রনিক	মৎস্য অধিদপ্তর	জনগণ ঘরে বসেই প্রত্যাশিত মাছের রেণু ও পোনার প্রাপ্যতা, মূল্য ও মৎস্য বীজ উৎপাদন খামারের তথ্য জানতে পারবে। খামার ব্যবস্থাপনায় সক্ষমতা	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	পদ্ধতি চালুকরণ।		বৃদ্ধি পাবে।			
36.	অনলাইনে মৎস্য হ্যাচারি নিবন্ধন, লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	রেজিস্ট্রেশন, লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পাবে। সময় ও ব্যয় হ্রাস পাবে। সুষ্ঠুভাবে মনিটরিং করা সহজতর হবে।		✓	✓
37.	অনলাইনে বরফকল নিবন্ধন, লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	নিবন্ধনের সময় ও ব্যয় হ্রাস পাবে। দক্ষতার সাথে Traceability সিস্টেম বাস্তবায়ন করা ও বরফকল মনিটরিং করা সহজতর হবে।		✓	✓
38.	অনলাইনে মৎস্য ও মৎস্যজাত পণ্যের স্বাস্থ্য সনদ প্রদানের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	রপ্তানীকারকদের ব্যয় ও সময়ের অপচয় হ্রাস পাবে এবং ভোগান্তি দূর হবে। স্বাস্থ্য সনদ প্রদানের প্রক্রিয়ায় দক্ষতা বৃদ্ধি পাবে এবং স্বচ্ছতা আসবে।		✓	✓
39.	অনলাইনে মৎস্য ও মৎস্যজাত পণ্য আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান।	মৎস্য অধিদপ্তর	আমদানীকারকদের ব্যয় ও সময়ের অপচয় হ্রাস এবং ভোগান্তি দূর হবে। অনাপত্তি প্রদান প্রক্রিয়ায় দক্ষতা ও স্বচ্ছতা বৃদ্ধি পাবে।		✓	✓
40.	জলমহাল ব্যবস্থাপনায় ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	অংশীদারিত্বমূলক ও স্থায়িত্বশীল জলমহাল ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি পাবে। পরিবীক্ষণ করা সহজতর হবে।		✓	✓
41.	গুণগত মানসম্পন্ন পোনা উৎপাদনে ব্রড মাছ ব্যবস্থাপনার ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	ব্রড মাছ ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি পাবে ও স্বচ্ছতা আসবে। খামারীদের ব্যয় ও সময়ের অপচয় হ্রাস পাবে। গুণগত মানসম্পন্ন পোনার সরবরাহ বৃদ্ধি পাবে।		✓	✓
42.	বিলুপ্ত প্রজাতির মাছ সংরক্ষণে অভয়াশ্রম	মৎস্য অধিদপ্তর	মাছের অভয়াশ্রমের পরিবীক্ষণ ও এর প্রভাব নিরূপণ করা		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	স্থাপন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।		সহজ হবে। বিলুপ্তপ্রায় মৎস্য প্রজাতির উৎপাদন বৃদ্ধি পাবে। কার্যক্রম বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হবে।			
43.	মা ইলিশ/জাটকা রক্ষার কার্যক্রমে ইলেক্ট্রনিক ব্যবস্থার প্রবর্তন।	মৎস্য অধিদপ্তর	সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করা সম্ভব হবে। ইলিশ মাছের উৎপাদন বৃদ্ধির জন্য পরিচালিত কার্যক্রমের প্রভাব নিরূপণ ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন সহজ হবে।		✓	✓
44.	জেলেদের নিবন্ধন ও ডাটাবেজ প্রণয়ন এবং পরিচয়পত্র প্রদানে ইলেক্ট্রনিক ব্যবস্থার প্রবর্তন।	মৎস্য অধিদপ্তর	নিবন্ধন প্রক্রিয়ায় সক্ষমতা বৃদ্ধি পাবে। জেলেদের আর্থিক সহায়তা প্রদানে দ্বৈততা পরিহার ও সহায়তা প্রাপ্তিতে ভোগান্তি কমবে।	✓	✓	
45.	মৎস্য খাদ্য উৎপাদন, আমদানী- রপ্তানী ও বিপণনের জন্য অনলাইনে লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	লাইসেন্স প্রদান ও নবায়ন নির্ধারিত ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ মৎস্য খাদ্য সরবরাহ সহজতর হবে।		✓	✓
46.	মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী হাট-বাজার ও জলমহালে নিয়মিত অভিযান পরিচালনা সংক্রান্ত ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	মৎস্য সংরক্ষণ অভিযান নিয়মিত পরিচালনা নিশ্চিত হবে বিভিন্ন প্রজাতির মৎস্য সংরক্ষণ তরাস্থিত হবে এবং অফিসের সক্ষমতা বৃদ্ধি পাবে।		✓	✓
47.	অনলাইনে উপকূলীয় ও সমুদ্রগামী মাছ ধরার নৌযানের লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	মাছ ধরার লাইসেন্স প্রদান ও নবায়ন নির্ধারিত ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মাছ ধরার নৌযানসমূহ মনিটরিং করা এবং দায়িত্বশীল ফিশিং		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
			ক্ষিম প্রণয়ন সহজ হবে।			
48.	এলাকা ভিত্তিক মাছের বাজার মূল্য সম্পর্কিত ডাটাবেইজ প্রণয়ন ও নিয়মিত হালনাগাদকরণ এবং তা ওয়েবসাইটে প্রকাশকরণ।	মৎস্য অধিদপ্তর	মৎস্যচাষীরা প্রতিদিন বিভিন্ন অঞ্চলের মাছের বাজার মূল্য জানতে পারবে। মাছ বাজারজাতকরণের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে এবং মাছের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত হবে।		✓	✓
49.	পানির গুণাগুণ পরীক্ষা সংক্রান্ত ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ এবং ফলাফল অনলাইনে চাষীদের প্রদানের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	স্বল্প ব্যয়ে ও স্বল্প সময়ে চাষীরা পানি পরীক্ষার ফলাফল অফিস না এসেই জানতে পারবে। ফলে চাষীদের ভোগান্তি কমবে।		✓	✓
50.	উপকূলীয় অঞ্চলে জেলেদের জানমাল রক্ষার্থে আগাম সতর্ক বার্তা প্রেরণের ব্যবস্থাকরণ	মৎস্য অধিদপ্তর	জরুরী প্রয়োজনে সমুদ্রে মাছ ধরায় নিয়োজিত জেলেদের নিকট আগাম সতর্ক বার্তা প্রেরণ সম্ভব হবে। এতে জেলেদের জানমাল রক্ষা পাবে।		✓	✓
51.	মৎস্য খাদ্যের মান পরীক্ষা সংক্রান্ত ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ এবং সনদ অনলাইনে প্রদানের ব্যবস্থাকরণ।	মৎস্য অধিদপ্তর	মৎস্যখাদ্যের মান পরীক্ষার সনদ প্রদান সহজতর হবে। খাদ্য ব্যবসায়ীদের ভোগান্তি দূর হবে এবং সরকারি কাজে স্বচ্ছতা আসবে।		✓	✓
52.	Illegal, Unregulated and Unreported (IUU) মৎস্য আহরণ রোধে কার্যকর ইলেক্ট্রনিক ব্যবস্থার প্রবর্তন।	মৎস্য অধিদপ্তর	সমুদ্রগামী নৌযান ও জাহাজকে নিয়ন্ত্রণ করা সহজ হবে, বিদেশী নৌযানের অবৈধ অনুপ্রবেশ ও মৎস্য আহরণ রোধ করা সম্ভব হবে। ফলে সামুদ্রিক মৎস্য সম্পদ রক্ষা পাবে।		✓	✓
53.	মনিটরিং, কন্ট্রোল এবং সার্ভিল্যান্স সংক্রান্ত	মৎস্য অধিদপ্তর	সমুদ্রে মৎস্য সম্পদের তালিকা প্রণয়ন, মৎস্য সম্পদ সংরক্ষণ ও		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	ডাটাবেইজ প্রবর্তন।		দায়িত্বশীল আহরণ, বিদেশী মাছ ধরা জাহাজের অনুপ্রবেশ রোধ, ইত্যাদি ক্ষেত্রে শৃঙ্খলা আসবে। ব্লু-ইকোনোমি অর্জন সহজ হবে।			
54.	ভিটিএমএস ব্যবস্থার প্রবর্তন।	মৎস্য অধিদপ্তর		✓	✓	
55.	রপ্তানীযোগ্য মৎস্য ও মৎস্যজাত পণ্যের কনসাইমেন্ট পরিদর্শন ও রিপোর্ট প্রদানের ক্ষেত্রে ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	রপ্তানীযোগ্য মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণে সক্ষমতা বৃদ্ধি পাবে। রপ্তানী কাজের গতি বৃদ্ধি পাবে।		✓	✓
56.	রপ্তানীযোগ্য মৎস্য ও মৎস্যজাত পণ্যের এনআরসিপি পরীক্ষাকরণে ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	মৎস্য অধিদপ্তর	রপ্তানীকারকদের ব্যয় ও সময়ের অপচয় হ্রাস এবং ভোগান্তি দূর হবে। এনআরসিপি পরীক্ষাকরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা আসবে। পণ্যে কোন র‍্যাপিড এলাট থাকলে সহজেই জানা যাবে। মৎস্য ও মৎস্যজাত পণ্যের রপ্তানী বৃদ্ধি পাবে।		✓	✓
57.	মোবাইল এসএমএস এর মাধ্যমে বিনামূল্যে প্রাণিসম্পদের চিকিৎসা সেবা এবং উৎপাদন ও ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ প্রদান।	প্রাণিসম্পদ অধিদপ্তর	জনগণ ঘরে বসেই প্রাণিসম্পদ বিষয়ক সকল সেবা বিনামূল্যে এস.এম.এস এর মাধ্যমে পাবেন এবং প্রাণিসম্পদের উন্নয়ন ত্বরান্বিত হবে।	✓	✓	
58.	নিরাপদ মুরগি পালন সংক্রান্ত খামার ভিত্তিক ডাটাবেজ প্রস্তুতকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	নিরাপদ মাংস উৎপাদন সহজ হবে। প্রাণিজ আমিষ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। রোগ বালাই প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সহজ হবে।	✓	✓	
59.	অনলাইনে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের	প্রাণিসম্পদ অধিদপ্তর	অনলাইনে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের ভর্তি	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	ভর্তি প্রক্রিয়া চালুকরণ।		প্রক্রিয়া সহজ হবে, সময় ও ব্যয় কমবে।			
60.	অনলাইনে লেয়ার ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ খাদ্য সরবরাহ সহজতর হবে।	✓	✓	
61.	অনলাইনে ব্রয়লার ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ খাদ্য সরবরাহ সহজতর হবে।	✓	✓	
62.	অনলাইনে ব্রিডার ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ খাদ্য সরবরাহ সহজতর হবে।		✓	✓
63.	অনলাইনে ডাক ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ খাদ্য সরবরাহ সহজতর হবে।		✓	✓
64.	অনলাইনে গ্র্যান্ট প্যারেন্টস্টক ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ খাদ্য সরবরাহ সহজতর হবে।		✓	✓
65.	অনলাইনে ডেইরী ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা ও নিরাপদ খাদ্য সরবরাহ করা সহজতর হবে।		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
66.	অনলাইনে ছাগল ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা ও নিরাপদ খাদ্য সরবরাহ করা সহজতর হবে।	✓	✓	
67.	অনলাইনে ভেড়া ফার্ম রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	রেজিস্ট্রেশন ও নবায়ন কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে ও নিরাপদ খাদ্য সরবরাহ সহজতর হবে।		✓	✓
68.	অনলাইনে গরু হুস্ট পুষ্টিকরণ খামারের ডাটাবেজ প্রস্তুতকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে গরু হুস্ট পুষ্টিকরণ করা সম্ভব হবে। মনিটরিং করা ও নিরাপদ মাংস উৎপাদন করা সহজতর হবে।		✓	✓
69.	পশুখাদ্য উৎপাদন প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটাগরি-১) রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে রেজিস্ট্রেশন ও নবায়ন করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে।		✓	✓
70.	পশুখাদ্য আমদানি, রপ্তানি, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটাগরি-২) রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে রেজিস্ট্রেশন ও নবায়ন করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে।		✓	✓
71.	পশুখাদ্য বিক্রয়কারক (ক্যাটাগরি-৩) রেজিস্ট্রেশন ও নবায়নের ব্যবস্থাকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	কম ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে রেজিস্ট্রেশন ও নবায়ন করা সম্ভব হবে। মনিটরিং করা সহজ হবে।		✓	✓
72.	সিমেন্ট উৎপাদন, বিতরণ ও ব্যবহার বিষয়ে	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রয়োজনীয়তার আলোকে সিমেন্ট উৎপাদন ও বিতরণ বিষয়ে	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	ডাটাবেজ প্রস্তুতকরণ।		পরিকল্পনা গ্রহণ করা এবং গবাদি পশুর জাত উন্নয়ন সংক্রান্ত তথ্য সংরক্ষণ সহজ হবে।			
73.	সরকারী ফার্মের ডাটাবেজ প্রস্তুতকরণ ও এর উৎপাদন সংক্রান্ত রিপোর্ট প্রকাশকরণ (ডেইরী ফার্ম, ছাগল খামার, পোল্ট্রি খামার)।	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ সংক্রান্ত সরকারী ফার্মগুলো সুষ্ঠু ব্যবস্থাপনা করা ত্বরান্বিত হবে। মনিটরিং করা সহজ হবে।		✓	✓
74.	গবেষণাগার ভিত্তিক রোগ অনুসন্ধান ডাটাবেজ প্রস্তুতকরণ (সি.ডি.আই.এল ও এফ.ডি.আই.এল)	প্রাণিসম্পদ অধিদপ্তর	রোগ বালাই প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা সহজ হবে। নিরাপদ মাংস, ডিম, দুধ উৎপাদন সহজ হবে।		✓	✓
75.	বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনলাইন রেজিস্ট্রেশনের ব্যবস্থাকরণ (ও.টি.আই, ভি.টি.আই এবং এল.টি.আই)।	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য রেজিস্ট্রেশন করা সহজ হবে, সময় ও ব্যয় কম হবে। প্রশিক্ষণের ক্ষেত্রে দৈততা পরিহার করা সম্ভব হবে।	✓	✓	
76.	পশুজাত খাদ্য উপকরণের পুষ্টি মানের ডাটাবেজ প্রস্তুতকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	পশুজাত খাদ্য উপকরণের পুষ্টি মান সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজ ও নিরাপদ মাংস উৎপাদন সহজ হবে।		✓	✓
77.	প্রাণিসম্পদের বিভিন্ন রোগের টিকা উৎপাদন, বিতরণ ও ব্যবহার সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুতকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদের বিভিন্ন রোগের টিকা উৎপাদন, বিতরণ ও ব্যবহার বিষয়ে পরিকল্পনা প্রণয়ন করা ও রোগ প্রতিরোধ করা সহজ হবে।	✓	✓	
78.	প্রাণিসম্পদের রোগ বালাই ও চিকিৎসা সম্পর্কিত অনলাইন ডাটাবেজ প্রস্তুতকরণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদের রোগ বালাই ও চিকিৎসা সম্পর্কিত সকল তথ্য সংরক্ষণ ও প্রাপ্তি সহজ হবে এবং রোগ প্রতিরোধ ও রোগ	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
			নিয়ন্ত্রণ করা সহজতর হবে।			
79.	কৃত্রিম প্রজনন কার্যক্রম বাস্তবায়ন ও প্রোজেনি রেকর্ড সংরক্ষণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	গবাদি পশুর জাত উন্নয়ন সংক্রান্ত তথ্য এবং প্রোজেনির উৎপাদনশীলতা সম্পর্কিত রেকর্ড সংরক্ষণ সহজ হবে।		✓	✓
80.	অনলাইনে এক্সটেনশন কার্যক্রম রিপোর্টিং ও মনিটরিং এর ব্যবস্থাগ্রহণ।	প্রাণিসম্পদ অধিদপ্তর	নিরাপদ মাংস, ডিম, দুধ উৎপাদন সহজ হবে এবং অন্যান্য সেবা সংক্রামত্ব তথ্য প্রাপ্তি সহজ হবে। প্রাণিজ আমিষ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। রোগ বালাই প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সহজ হবে।		✓	✓
81.	অনলাইন ভর্তি প্রক্রিয়া ব্যবস্থার প্রবর্তন।	মেরিন ফিশারিজ একাডেমি	স্টুডেন্টদের একাডেমিতে ভর্তির জন্য বারবার যেতে হবেনা। কম ব্যয়ে কোন ভোগান্তি ছাড়াই ভর্তির সুযোগ পাবে।	✓	✓	
82.	ভর্তি পরীক্ষার ফি অনলাইনে জমাদানের ব্যবস্থাকরণ।	মেরিন ফিশারিজ একাডেমি	এতে সময় ও ব্যয় হ্রাস পাবে। আর্থিক স্বচ্ছতা আসবে।	✓		
83.	স্টুডেন্ট ডাটাবেজ প্রণয়ন ও ডাটাবেইজে স্টুডেন্টদের প্রবেশ নিশ্চিতকরণ।	মেরিন ফিশারিজ একাডেমি	একাডেমির কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। ক্যাডেটদের শিক্ষা, প্রশিক্ষণ এবং শৃঙ্খলা জনিত কার্যক্রম সহজতর হবে। ক্যাডেটরা অনলাইনে তাদের প্রয়োজনীয় তথ্য সহজেই জানতে পারবে।	✓	✓	
84.	একাডেমিক ইনফরমেশন সিস্টেম সফটওয়্যার চালুকরণ।	মেরিন ফিশারিজ একাডেমি	বাৎসরিক পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন, কোর্স ফি ম্যানেজমেন্ট, রপটিন প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন এবং রেজাল্ট প্রসেসিং এর জন্য ক্যাডেটদের একাডেমিক কার্যক্রম প্রক্রিয়া সহজতর হবে।		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
85.	একাডেমির কর্মকর্তা ও কর্মচারীদের ডাটাবেজ প্রণয়নের ব্যবস্থাকরণ।	মেরিন ফিশারিজ একাডেমি	একাডেমির সক্ষমতা বৃদ্ধি পাবে। কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন সহজ হবে। জনগণ সহজে একাডেমিতে কর্মরত জনবলের তথ্য জানতে পারবে।		✓	✓
86.	একাডেমির গবেষণা কর্ম ব্যবস্থাপনার অটোমেশন।	মেরিন ফিশারিজ একাডেমি	গবেষণা কর্ম সিলেকশন ও পরিচালনা এবং ফলাফল উপস্থাপন সহজ হবে। জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই একাডেমির গবেষণা কাজ ও উদ্ভাবিত প্রযুক্তি সম্বন্ধে জানতে পারবে।		✓	✓
87.	আগ্রহী মৎস্য চাষী ও উদ্যোক্তাদের মৎস্যচাষ বিষয়ক পরামর্শ প্রদানের জন্য ইলেক্ট্রনিক পদ্ধতির প্রবর্তন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	আগ্রহী মৎস্য চাষী ও উদ্যোক্তাগণ মৎস্যচাষ বিষয়ক তথ্য সহজে পাবে এবং জনগণ মৎস্য চাষে উদ্বুদ্ধ হবে।	✓	✓	
88.	মাছের নতুন জাত উদ্ভাবন বা মাছের জাত উন্নয়ন ব্যবস্থাপনার অটোমেশন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। উন্নীত/ উদ্ভাবিত নতুন নতুন মাছের জাত ও চাষ পদ্ধতি সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। চাষীরা মাছ চাষে আগ্রহী হবে। ফলে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে।		✓	✓
89.	মৎস্য চাষ প্রযুক্তি উদ্ভাবন সংক্রান্ত ব্যবস্থাপনার অটোমেশন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি পাবে। উদ্ভাবিত মাছ চাষ প্রযুক্তি সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। চাষীরা মাছ চাষে আগ্রহী হবে। ফলে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে।		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
90.	গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য উদ্ভাবন প্রক্রিয়ার অটোমেশন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। গুণগত মানসম্পন্ন উৎপাদিত মৎস্য খাদ্যের বিষয়ে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। চাষীরা মাছ চাষে আগ্রহী হবে। মাছের উৎপাদন বৃদ্ধি পাবে।		✓	✓
91.	মাছের রোগ সনাক্তকরণ প্রক্রিয়ার অটোমেশন এবং সনাক্তকৃত রোগ ও এর প্রতিকার সম্পর্কে জনগণকে অবহিতকরণ।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। সনাক্তকৃত রোগ ও এর প্রতিকার সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। মাছের রোগ-বালাই দূর করা সম্ভব হবে। চাষীরা মাছ উৎপাদনে আগ্রহী হবে।	✓	✓	
92.	মাছের রোগ প্রতিরোধ প্রযুক্তি উদ্ভাবনের ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। মাছের রোগ প্রতিরোধে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। চাষীরা মাছ উৎপাদনে আগ্রহী হবে।		✓	✓
93.	মাছের রোগ প্রতিকার প্রযুক্তি উদ্ভাবনের ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। মাছের রোগ প্রতিকারে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। চাষীরা মাছ উৎপাদনে আগ্রহী হবে।		✓	✓
94.	মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ পদ্ধতির অটোমেশন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	প্রশিক্ষণের জন্য মৎস্য চাষী সিলেকশন সহজ হবে। একই প্রযুক্তির প্রশিক্ষণে মৎস্য চাষীদের দৈততা পরিহার করা সম্ভব হবে।		✓	✓
95.	গবেষণাধর্মী কর্মশালার আয়োজন সম্পর্কিত	বাংলাদেশ মৎস্য গবেষণা	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	তথ্যের ডাটাবেইজ স্থাপন।	ইনস্টিটিউট	পাবে।			
96.	ইলিশ সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কিত ডাটাবেইজ তৈরীকরণ।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	ইলিশ মাছ উৎপাদন, সংরক্ষণ ও বৃদ্ধিতে ভূমিকা রাখবে		✓	✓
97.	মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষার ক্ষেত্রে অনলাইন ব্যবস্থার প্রবর্তন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	মৎস্য খাদ্যের মান সম্পর্কে চাষীরা সহজেই অবহিত হতে পারবে। গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য নির্বাচন ও ব্যবহার করা সম্ভব হবে। মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে।	✓	✓	
98.	পানির গুণগত মান পরীক্ষার ক্ষেত্রে অনলাইন ব্যবস্থার প্রবর্তন।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	পানির গুণগত মান সম্পর্কে চাষীরা ঘরে বসে সহজেই অবহিত হতে পারবে। সময় ও ব্যয় হ্রাস পাবে।		✓	✓
99.	রিসার্চ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম চালুকরণ।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা ক্ষেত্রের সক্ষমতা বৃদ্ধি পাবে।	✓	✓	
100.	গবেষণালব্ধ ফলাফলের ইলেক্ট্রনিক ডাটা ব্যাংক স্থাপন ও হালনাগাদ সংরক্ষণ।	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	ইনস্টিটিউট গবেষণালব্ধ ফলাফল সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণার কাজে ব্যবহার সহজ হবে।	✓	✓	
101.	আগ্রহী খামারি ও উদ্যোক্তাদের পশুপালন এবং রোগবাহাই সম্পর্কে পরামর্শ প্রদানের জন্য কম্পিউটার ভিত্তিক ব্যবস্থা চালুকরণ।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	আগ্রহী খামারীরা প্রাণিসম্পদ পালন এবং রোগ বালাই বিষয়ক তথ্য সহজে পাবে এবং প্রাণিসম্পদ পালনে উদ্বুদ্ধ হবে	✓	✓	
102.	হাঁস, মুরগী ও গবাদিপশুর জাত উন্নয়ন সংক্রান্ত গবেষণা কার্যক্রমসমূহের ইলেক্ট্রনিক পদ্ধতি	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। উন্নয়নকৃত/ উদ্ভাবিত হাঁস, মুরগী ও গবাদিপশুর জাত সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে।		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	চালুকরণ এবং উন্নয়নকৃত/ উদ্ভাবিত জাতের তথ্য ওয়েবসাইটে প্রকাশকরণ।		খামারীরা আগ্রহী হবে। হাঁস, মুরগী ও গবাদিপশুর উৎপাদন বৃদ্ধি পাবে।			
103.	গুণগত মানসম্পন্ন প্রাণি খাদ্য উদ্ভাবন প্রক্রিয়ার অটোমেশন এবং উদ্ভাবিত প্রাণি খাদ্য ওয়েবসাইটে প্রকাশ করা।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। গুণগত মানসম্পন্ন উৎপাদিত প্রাণি খাদ্যের বিষয়ে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি পাবে।		✓	✓
104.	আক্রান্ত হাঁস, মুরগী ও গবাদিপ্রাণির রোগে সনাক্তকরণ প্রক্রিয়ার অটোমেশন এবং সনাক্তকৃত রোগ ও এর প্রতিকার সম্পর্কে জনগণকে অবহিতকরণ।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। সনাক্তকৃত রোগ ও এর প্রতিকার সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। খামারীরা হাঁস, মুরগী ও গবাদিপশু পালনে আরও আগ্রহী হবে।		✓	✓
105.	হাঁস, মুরগী ও গবাদিপ্রাণির বিভিন্ন রোগ-বালাই প্রতিরোধের জন্য উদ্ভাবিত ভ্যাক্সিনসমূহের ইলেক্ট্রনিক ডাটাবেইজ স্থাপন।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। হাঁস, মুরগী ও গবাদিপ্রাণির রোগ-বালাই প্রতিরোধে উদ্ভাবিত ভ্যাক্সিন সম্পর্কে জনগণ ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। খামারীরা হাঁস, মুরগী ও গবাদিপ্রাণি পালনে আগ্রহী হবে।		✓	✓
106.	উদ্ভাবিত প্রযুক্তিসমূহের উপর খামারি/ উদ্যোক্তাদের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ স্থাপন।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	প্রশিক্ষণের জন্য খামারি/উদ্যোক্তা সিলেকশন সহজ হবে। একই প্রযুক্তির প্রশিক্ষণে খামারীদের দৈততা পরিহার করা সম্ভব হবে।	✓	✓	
107.	গবেষণাধর্মী কর্মশালার আয়োজন সম্পর্কিত	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা	গবেষণা কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে।	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	ডাটাবেইজ স্থাপন।	ইনস্টিটিউট				
108.	প্রাণী খাদ্যের নমুনা পরীক্ষার ক্ষেত্রে ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	প্রাণী খাদ্যের মান সম্পর্কে খামারিরা সহজেই অবহিত হতে পারবে। গুণগত মানসম্পন্ন প্রাণী খাদ্য নির্বাচন ও ব্যবহার করা সম্ভব হবে। প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি পাবে।		✓	✓
109.	খামারি/উদ্যোক্তাদের মাঝে বিতরণের জন্য উদ্ভাবিত উন্নত জাতের ঘাসের কাটিং/বীজ এর ডাটাবেইজ স্থাপন।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	উদ্ভাবিত উন্নত জাতের ঘাসের কাটিং/ বীজের গুণাগুণ ও প্রাপ্যতা সম্পর্কে খামারিগণ সহজেই জানতে পারবে এবং ঘাস চাষে আগ্রহী হবে। প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি পাবে।	✓	✓	
110.	রিসার্চ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	গবেষণা ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি পাবে।		✓	✓
111.	গবেষণালব্ধ ফলাফলের ইলেক্ট্রনিক ডাটা ব্যাংক স্থাপন ও হালনাগাদ সংরক্ষণ।	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	ইনস্টিটিউটের গবেষণা লব্ধ ফলাফল সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণা কাজে ব্যবহার সহজ হবে।	✓	✓	
112.	ভেটেরিনারিয়ানদের জন্য ডাটাবেজ প্রণয়ন ও হালনাগাদ সংরক্ষণ।	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	ভেটেরিনারিয়ানদের দক্ষতা উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন সহজ হবে। দক্ষ ভেটেরিনারিয়ানদের উপযুক্ত ক্ষেত্রে ব্যবহার নিশ্চিত করা যাবে।	✓		
113.	ভেটেরিনারিয়ান স্টুডেন্টদের অনলাইন রেজিস্ট্রেশন প্রদানের ব্যবস্থাকরণ।	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	রেজিস্ট্রেশন কাজে গতি বৃদ্ধি পাবে এবং সময় ও খরচ কমবে।	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
114.	ভেটেরিনারিয়ানদের অনলাইন রেজিস্ট্রেশন প্রদানের ব্যবস্থাকরণ।	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	রেজিস্ট্রেশন কাজে গতি বৃদ্ধি পাবে এবং সময় ও খরচ কমবে।	✓	✓	
115.	অনলাইনে ভেটেরিনারিয়ানদের অতিরিক্ত যোগ্যতা অন্তর্ভুক্তকরণ।	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	অতিরিক্ত যোগ্যতা অন্তর্ভুক্তকরণ কাজের গতি বৃদ্ধি পাবে এবং সময় ও খরচ কমবে।	✓	✓	
116.	অনলাইনে ভেটেরিনারিয়ানদের প্রত্যয়ন পত্র প্রদানের ব্যবস্থাকরণ।	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	প্রত্যয়ন কাজে গতি বৃদ্ধি পাবে এবং সময় ও খরচ কমবে।	✓	✓	
117.	অনলাইনে ভেটেরিনারি বিষয়ক শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	স্বল্প ব্যয় ও সময়ে সেবা প্রদান সম্ভব হবে। অফিসের সক্ষমতা বৃদ্ধি পাবে।		✓	
118.	বিশেষায়িত প্রাণি চিকিৎসকদের ডাটাবেজ প্রণয়ন।	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	সুফল ভোগীরা চাহিদা মোতাবেক প্রাণি চিকিৎসকদের সাথে যোগাযোগ করতে পারবে। সেবার মান বাড়বে এবং সেবা ত্বরান্বিত হবে।		✓	
119.	মৎস্য অবতরণ কেন্দ্রের মৎস্য অবতরণ সম্পর্কিত ব্যবস্থাপনার অটোমেশন।	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	অফিস কাজের সক্ষমতা বাড়বে। এতে মৎস্য ব্যবসায়ীগণ সুষ্ঠুভাবে মাছ বাজারজাতকরণ করতে পারবে।		✓	✓
120.	বিএফডিসি'র প্রতিটি কেন্দ্রের বরফ উৎপাদন ও বিক্রয় ব্যবস্থাপনার অটোমেশন ও মৎস্য ব্যবসায়ীদের প্রয়োজনীয় তথ্য নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ।	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	মৎস্য ব্যবসায়ীগণ বরফের উৎপাদন ও সরবরাহ সম্পর্কে তথ্য সহজেই জানতে পারবে এবং চাহিদামত বরফ সংগ্রহ করতে পারবে। এতে সময় ও ব্যয় হ্রাস পাবে। বরফ উৎপাদনের সঠিক পরিকল্পনা তৈরী করা সম্ভব হবে।	✓	✓	
121.	বিএফডিসি'র মৎস্য প্রক্রিয়াকরণ কারখানায়	বাংলাদেশ মৎস্য উন্নয়ন	মৎস্য প্রক্রিয়াকরণে সক্ষমতা বৃদ্ধি পাবে। মৎস্য		✓	✓

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	মৎস্য রপ্তানী কারকদের মৎস্য প্রক্রিয়াকরণ সংক্রান্ত সেবা প্রদানের ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	কর্পোরেশন	রপ্তানীকারকগণ মৎস্য প্রক্রিয়াকরণের যাবতীয় তথ্য সহজেই জানতে পারবে। সময় ও ব্যয় হ্রাস পাবে। প্রক্রিয়াকরণ কাজে স্বচ্ছতা আসবে।			
122.	বিএফডিসি'র মেরিন ওয়ার্কশপ ও ডক ইয়ার্ডে জাহাজ মেরামত সংক্রান্ত যাবতীয় কাজের ব্যবস্থাপনার অটোমেশন।	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	জাহাজ মেরামত কাজে সক্ষমতা বৃদ্ধি পাবে। জাহাজ মালিকগণ জাহাজ মেরামত কাজের যাবতীয় খরচের হিসাব সহজেই জানতে পারবে। মেরামত কাজে স্বচ্ছতা আসবে।		✓	✓
123.	কাণ্ডাই লেকে বিলুপ্ত প্রজাতির মাছ সংরক্ষণে অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে ইলেক্ট্রনিক পদ্ধতি চালুকরণ।	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	মাছের অভয়াশ্রমের পরিবীক্ষণ ও এর প্রভাব নিরূপণ করা সহজ হবে। বিলুপ্ত প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা আসবে।	✓	✓	
124.	ঢাকা শহরে গুণগত মানসম্পন্ন মাছ সুলভ মূল্যে ভ্রাম্যমান বিক্রির কার্যক্রমের অনলাইন ভিত্তিক ব্যবস্থার প্রচলন।	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	শহরবাসী মাছের দাম, মাছের প্রকার, প্রাপ্তিস্থান, ইত্যাদি সম্পর্কে ওয়েবসাইটের মাধ্যমে সহজেই জানতে পারবে। মাছ বিক্রির কার্যক্রমে গতিশীলতা আসবে।	✓		
125.	মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক লাগসই প্রযুক্তি সম্প্রসারণের জন্য লিফলেট, ফোল্ডার, পুস্তক মুদ্রণ সংক্রান্ত ডাটাবেজ তৈরী ও তা ওয়েবসাইটে প্রকাশ।	মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	চাষীদের উপযুক্ত লাগসই প্রযুক্তি চিহ্নিত করা সহজ হবে এবং মৎস্য ও প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি ত্বরান্বিত হবে।	✓	✓	
126.	মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক টিভি ফিলার, ডকুড্রামা, জিঙ্গেল ইত্যাদি তৈরী সংক্রান্ত	মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	চাষীদের মৎস্যচাষ ও পশু-পাখী পালন বিষয়ে সেবা প্রদান সহজ হবে এবং তাদের আর্থ-সামাজিক	✓	✓	

ক্রমিক	করণীয় বিষয়	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
	ডাটাবেজ প্রণয়ন ও তা ওয়েবসাইটে প্রকাশ।		অবস্থার উন্নয়ন হবে।			
127.	মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি অনলাইনে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থাকরণ।	মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	জনসাধারণ সহজে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ে উদ্বুদ্ধ হবে এবং সচেতনতা বৃদ্ধি পাবে।	✓	✓	
128.	দাপ্তরিক কাজে ইলেকট্রনিক পদ্ধতি ব্যবহার বৃদ্ধি করা।	মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা অর্জন করবে।	✓	✓	